গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**কারা অধিদপ্তর**
৩০/৩ উমেশ দত্ত রোড,
বকশি বাজার, ঢাকা-১২১১।
www.prison.gov.bd



স্মারক নং ৪৪.০৭.০০০০.০৩২.০১.০০৭.২০২৬- ৬৭৮

তারিখঃ ০২ ভাদ্র ১৪৩৩ বঙ্গাব্দ
১৭ আগষ্ট ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়ঃ **বাংলাদেশের কারাগারসমূহের আধুনিকীকরণ, ধারণক্ষমতা বৃদ্ধি, নিরাপদ আটক নিশ্চিতকরণ এবং সুসংহত করণের লক্ষ্যে বিভিন্ন প্রকল্প প্রণয়নের ধারণাপত্র (Concept Paper) প্রেরণ**

উপর্যুক্ত বিষয়ের আলোকে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সার্বিক উন্নয়ন পরিকল্পনার অংশ হিসেবে এবং 'কারেকশন অ্যান্ড কাস্টোডিয়ান সার্ভিসেস' (Correction and Custodian Services)-এর মূল মন্ত্রে দীক্ষিত হয়ে দেশের কারাগারসমূহের উন্নয়ন পরিকল্পনা প্রণয়নের জন্য জন্য একটি ধারণাপত্র (Concept Paper) প্রস্তুত করা হয়েছে।

২। প্রস্তুতকৃত ধারণাপত্রটি (Concept Paper) পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো।

৩। উল্লেখ্য, ধারণাপত্রে (Concept Paper) উপসংহারে চাহিত তথ্য (প্রযোজ্য ক্ষেত্রে) আগামী **৩১-৮-২০২৬** তারিখের মধ্যে কারা অধিদপ্তরে প্রেরণের জন্য বলা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে- ০৬ পাতা।

আসিফ মোহাম্মদ সালেহ
লেঃ কর্নেল
কারা উপ-মহাপরিদর্শক (উন্নয়ন)
পক্ষে- কারা মহাপরিদর্শক
কারা অধিদপ্তর, ঢাকা।

সিনিয়র জেল সুপার/জেল সুপার
সকল কেন্দ্রীয়/জেলা কারাগার।

**অনুলিপিঃ**

কারা উপ-মহাপরিদর্শক
সকল বিভাগ।

ফরওয়ার্ডিং

# কারাগারের ধারণক্ষমতা বৃদ্ধি ও নিরাপত্তা সুদৃঢ়করণে

## বিভিন্ন প্রকল্প প্রণয়নের ধারণাপত্র (Concept Paper)

বাংলাদেশের কারাগার সমুহকে আধুনিকীকরণ, ধারণক্ষমতা বৃদ্ধি ও নিরাপদ আটক নিশ্চিত ও সুসংহত করণের উদ্দেশ্যে সকল কারাগারকে নিয়ে উন্নয়ন পরিকল্পনা প্রণয়নের প্রয়োজনীয়তা অনুভূত হচ্ছে। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সার্বিক পরিকল্পনার অংশ হিসেবে এবং কারেকশন এন্ড কাস্টোডিয়ান সার্ভেসেস- এর মূল মন্ত্রে দীক্ষিত হয়ে কারাগার সমুহের উন্নয়নের পরিকল্পনা প্রণয়নের জন্য একটি ধারণাপত্র প্রস্তুত করা হয়েছে। ধারণাপত্রটি নিচে উপস্থাপিত হলো:

অর্থ মন্ত্রনালয়ের স্মারক নং-০৭.০০.০০০০.০০০.১০৬.২০.০০০৩.২৫.১৫৬ পরিপত্রের নির্দেশনা অনুযায়ী নতুন নির্মাণ কাজ পরিচালন বাজেট থেকে হাতে নেয়া স্থগিত রাখা হয়েছে এবং প্রকল্প আকারে নির্মাণ কাজ সম্পন্ন করতে বলা হয়েছে। কিন্তু বন্দীদের ধারণ ক্ষমতা বৃদ্ধি ও পুরাতন ঝুঁকিপূর্ণ এবং ব্যবহার অযোগ্য স্থাপনার আধিক্যের কারণে নিরাপদ আটক নিশ্চিতকল্পে নতুন নির্মাণের প্রয়োজনীয়তা অপরিসীম। ইতোমধ্যে কিছু কারাগার একক নির্মাণ, পুনঃনির্মাণ প্রকল্প হাতে নেয়া হয়েছে এবং আরও বেশ কয়েকটির DPP প্রণয়নের কাজ চলছে। কিন্তু অনেক কারাগার সমুহে নিম্নমাত্রার সংক্ষিপ্ত উন্নয়নমূলক কর্মকান্ড গ্রহণ করলে এ সকল কারাগারে আরো বেশ কিছু বছর নতুন নির্মাণ এর প্রয়োজন হবে না। কিছু ক্ষেত্রে অধিক পুরাতন কিংবা জরাজীর্ণ /ঝুঁকিপূর্ণ স্থাপনার আধিক্য সম্বলিত কারাগার গুলোতে স্থানীয় ক্যাটাগরীতে প্রকল্প গ্রহণ করার পরিকল্পনা নেয়া যেতে পারে। আবার অনেক ক্ষেত্রে একাধিক কারাগারে বিভিন্ন স্থাপনার ধরণ ভিত্তিক একাধিক কারাগারে সমরূপী স্থাপনা নির্মাণ/পুন:নির্মাণ/সম্প্রসারণ ক্যাটাগরির প্রকল্প পরিকল্পনায় আনা যেতে পারে। উপরের বক্তব্য অনুযায়ী অত্র শাখা নিম্নোক্ত ক্যাটাগরির প্রকল্প সমূহ বিবেচনায় এনেছে যেখানে আপনাদের নিকট হতে প্রয়োজনীয় তথ্য ও সংশ্লিষ্ট গণপূর্ত বিভাগ হতে স্থাপনা সমূহের নির্মাণ/পুন:নির্মাণ/সম্প্রসারণ সম্পর্কিত প্রাক্কলন প্রাপ্তি সাপেক্ষে উন্নয়ন প্রকল্প প্রস্তাব (DPP) প্রণয়নের কাজ অগ্রগণ্যতার ভিত্তিতে হাতে নেয়া হবে।

### ১। স্থানভিত্তিক নির্মাণ/পুন:নির্মাণ/ধারণক্ষমতা বৃদ্ধি প্রকল্পঃ

ক। শেরপুর জেলা কারাগার ঝুঁকিপূর্ণ স্থাপনা প্রতিস্থাপন ও পুন:নির্মাণের মাধ্যমে ধারণ ক্ষমতা বৃদ্ধি এবং নিরাপত্তা সুদৃঢ়করণ প্রকল্প।

খ। পটুয়াখালী জেলা কারাগার ধারণ ক্ষমতা বৃদ্ধি ও নিরাপত্তা সুদৃঢ়করণ প্রকল্প।

গ। ফরিদপুর জেলা কারাগার ধারণ ক্ষমতা বৃদ্ধি ও নিরাপত্তা সুদৃঢ়করণ প্রকল্প।

ঘ। খুলনা মেট্রোপলিটন কারাগার-২ এর ধারণ ক্ষমতা বৃদ্ধি ও নিরাপত্তা সুদৃঢ়করণ প্রকল্প।

ঙ। শরীয়তপুর জেলা কারাগার ধারণ ক্ষমতা বৃদ্ধি ও নিরাপত্তা সুদৃঢ়করণ প্রকল্প।

চ। কেরানীগঞ্জ স্পেশাল কেন্দ্রীয় কারাগার সম্প্রসারণ ও প্রয়োজনীয় স্থাপনা (Facilities) নির্মাণ প্রকল্প।

- → মহিলা বন্দী বিশেষ কারাগার
- → ১৪তলা পারিবারিক আবাসন (৬৫০ স্ব:ফিট), BOQ (inspection banglow), গুদাম।

**২। বিভিন্ন কারাগারে কারারক্ষী ব্যারাক ও জেল সুপার আবাসন নির্মাণ প্রকল্প (পেরিমিটার ওয়ালের বাহিরে):**

ক। জয়পুরহাট জেলা কারাগর – ১ টি কারারক্ষী ব্যারাক (১০০ ধারণক্ষমতা) ও জেল সুপারের আবাসন।

খ। কিশোরগঞ্জ জেলা কারাগার-২ – ১ টি কারারক্ষী ব্যারাক।

গ। বাগেরহাট জেলা কারাগার - ১ টি কারারক্ষী ব্যারাক।

ঘ। সাতক্ষীরা জেলা কারাগার - ১ টি কারারক্ষী ব্যারাক।

ঙ। গাজীপুর জেলা কারাগার - ১ টি কারারক্ষী ব্যারাক।

চ। সিলেট কেন্দ্রীয় কারাগার -২ – ১ টি কারারক্ষী ব্যারাক।

ছ। ফেনী জেলা কারাগার-২ – ১ টি কারারক্ষী ব্যারাক ও জেল সুপারের আবাসন।

**৩। বিভিন্ন কারাগারে বন্দী ব্যারাক ও কারা হাসপাতাল নির্মাণ প্রকল্প (পেরিমিটার ওয়ালের ভিতরে):**

ক। কক্সবাজার জেলা কারাগার- প্রয়োজনীয় কারাবন্দী ব্যারাক (ধারণক্ষমতা সম্পন্ন)।

খ। খুলনা মেট্রোপলিটন কারাগার-২ - প্রয়োজনীয় কারাবন্দী ব্যারাক।

গ। কিশোরগঞ্জ জেলা কারাগার-২ – প্রয়োজনীয় কারাবন্দী ব্যারাক।

ঘ। গাজীপুর জেলা কারাগার- প্রয়োজনীয় কারাবন্দী ব্যারাক।

ঙ। নারায়ণগঞ্জ জেলা কারাগার- প্রয়োজনীয় কারাবন্দী ব্যারাক।

চ। লালমনিরহাট জেলা কারাগার- প্রয়োজনীয় কারাবন্দী ব্যারাক।

ছ। ভোলা জেলা কারাগার- প্রয়োজনীয় কারাবন্দী ব্যারাক।

ঞ। ফেনী জেলা কারাগার-২- প্রয়োজনীয় কারাবন্দী ব্যারাক ও কারা হাসপাতাল।

**৪। নতুন সীমানা প্রাচীর নির্মাণ প্রকল্প (নতুন অধিগ্রহণকৃত এলাকার জন্য নতুন সীমানা প্রাচীর নির্মাণ প্রয়োজন হলে):**

ক। যশোর কেন্দ্রীয় কারাগার (২স্থানে)।

খ। নীলফামারী জেলা কারাগার।

গ। ফেনী-১ জেলা কারাগার।

ঘ। মাদারীপুর-১ জেলা কারাগার।

ঙ। খুলনা মেট্রোপলিটন (২) জেলা কারাগার।

চ। নড়াইল জেলা কারাগার।

ছ। সিরাজগঞ্জ জেলা কারাগার।

জ। বরিশাল কেন্দ্রীয় কারাগার।

## ৫। সীমানা প্রাচীরের উচ্চতা বৃদ্ধি ও পুনঃনির্মাণ প্রকল্প।

কারাগারসমূহের বিদ্যমান সীমানা প্রাচীরের উচ্চতা বৃদ্ধির প্রয়োজন হলে নিম্নোক্ত নমুনা ছক মোতাবেক তথ্য সরবরাহ করতে অনুরোধ করা হলো।

**নমুনা ছক**

<table>
<tr><td>কারাগারের নাম</td><td colspan="3">বিদ্যমান সীমানা প্রাচীরের ওয়াল আংশিকভাবে ভিন্ন উচ্চতায় হলে</td><td colspan="3">বিদ্যমান সীমানা প্রাচীরের ওয়ালের উচ্চতা বৃদ্ধি আংশিক ভাবে সম্ভব হলে (আংশিক দৈর্ঘ্যের কাঠামো উচ্চতা বৃদ্ধিতে সহায়ক এবং আংশিক নয় এমন হলে</td><td rowspan="2">সিদ্ধান্ত</td><td>মন্তব্য</td></tr>
<tr><td></td><td>দৈর্ঘ্য</td><td>উচ্চতা</td><td>১০' এ উন্নীত করতে হলে উচ্চতা বৃদ্ধির প্রয়োজন হবে (সলিড ৮' এবং কাঁটা তারের বেড়া ২' স্থাপন করতে হবে) ।</td><td>দৈর্ঘ্য</td><td>উচ্চতা</td><td>উচ্চতা বৃদ্ধি সম্ভব</td><td rowspan="6">উচ্চতা বৃদ্ধিঃ ৬২০' দৈর্ঘ্য এর জন্য উচ্চতা বৃদ্ধির প্রয়োজন হবে (১০-৫)'=৫' । এর মধ্যে সলিড ৩' বাড়াতে হবে এবং কাঁটা তারের বেড়া ২' স্থাপন করতে হবে। ১০০০' দৈর্ঘ্য এর জন্য উচ্চতা বৃদ্ধির প্রয়োজন হবে (১০-৭)'=৩' । এর মধ্যে সলিড ১' বাড়াতে হবে এবং কাঁটা তারের বেড়া ২' স্থাপন করতে হবে<br><br>পুনঃনির্মাণঃ ৬০০' এবং ১০৪০' দৈর্ঘ্য এর জন্য ১০' উচ্চতার মধ্যে সলিড ৮' হবে এবং কাঁটা তারের বেড়া ২' স্থাপন করতে হবে।</td></tr>
<tr><td rowspan="2"></td><td rowspan="2">১২২০'</td><td rowspan="2">৫'</td><td rowspan="2">১০' এ উন্নীত করতে হলে সলিড ৩' উচ্চতা বৃদ্ধির প্রয়োজন হবে এবং কাঁটা তারের বেড়া ২' স্থাপন করতে হবে।</td><td>৬২০'</td><td>৫'</td><td>হ্যাঁ</td><td>উচ্চতা বৃদ্ধি</td></tr>
<tr><td>৬০০'</td><td>৭'</td><td>না</td><td>পুনঃ নির্মাণ</td></tr>
<tr><td rowspan="2"></td><td rowspan="2">২০৪০'</td><td rowspan="2">৭'</td><td rowspan="2">১০' এ উন্নীত করতে হলে সলিড ১' উচ্চতা বৃদ্ধির প্রয়োজন হবে এবং কাঁটা তারের বেড়া ২' স্থাপন করতে হবে।</td><td>১০৪০'</td><td>৫'</td><td>না</td><td>পুনঃ নির্মাণ</td></tr>
<tr><td>১০০০'</td><td>৭'</td><td>হ্যাঁ</td><td>উচ্চতা বৃদ্ধি</td></tr>
<tr><td></td><td>সম্পূর্ণ দৈর্ঘ্য</td><td>৩২৬০'</td><td></td><td></td><td></td><td></td><td></td></tr>
</table>

## ৬। পেরিমিটার ওয়ালের উচ্চতা বৃদ্ধি ও পুনঃ নির্মাণ প্রকল্প।

পূর্বে সীমানা প্রাচীর ও পেরিমিটার ওয়ালের উচ্চতা বৃদ্ধির প্রয়োজনীয়তায় বিভিন্ন তথ্য চাহিদা করা হয়েছিল। কিছু কারাগার থেকে বিদ্যমান সীমানা প্রাচীর ও পেরিমিটার ওয়াল উচ্চতা বৃদ্ধির জন্য উপযুক্ত নয় মর্মে অবগত করা হয়। কয়েকটি কারাগার উচ্চতা বৃদ্ধির প্রাক্কলন প্রেরণ করলেও উচ্চতা বৃদ্ধির জন্য বিদ্যমান পেরিমিটার বা সীমানা প্রাচীর উপযুক্ত কিনা তা গণপূর্ত কর্তৃক নিশ্চিত করতে পারেনি। এহেন পরিস্থিতিতে নিরাপত্তা নিশ্চিত করার দিকটিতে অগ্রগণ্যতা দিয়ে নিচের ছক মোতাবেক তথ্য সরবরাহ করতে অনুরোধ করা হলো।

## বিদ্যমান পেরিমিটার ওয়ালের উচ্চতা বৃদ্ধিতে নিম্নোক্ত বিষয় বিবেচনায় নিয়ে ছক প্রস্তুত করতে হবে।

ক। সম্পূর্ণ দৈর্ঘ্য বরাবর একই উচ্চতা না হলে

(১) ____________ ফিট দীর্ঘ পেরিমিটার ওয়াল অংশের উচ্চতা ____________ ফিট।

(২) ____________ ফিট দীর্ঘ পেরিমিটার ওয়াল অংশের উচ্চতা ____________ ফিট।

খ। সম্পূর্ণ দৈর্ঘ্য বরাবরা বিদ্যমান কাঠামো উচ্চতা বৃদ্ধিতে কিছু অংশে সম্ভব এবং বাকী অংশে সম্ভব না হলে:

(১) ____________ ফিট দীর্ঘ ____________ ফিট উচ্চতার বিদ্যমান পেরিমিটার ওয়ালের ____________ ফিট উচ্চতা বৃদ্ধি কাঠামোগত ভাবে সম্ভব হবে।

(২) ____________ ফিট দীর্ঘ ____________ ফিট উচ্চতার বিদ্যমান পেরিমিটার ওয়ালের উচ্চতা বৃদ্ধি সম্ভব নয় অর্থাৎ পুনঃনির্মাণ করতে হবে।

**নমুনা ছক**

| কারাগারের নাম | বিদ্যমান পেরিমিটার ওয়াল আংশিকভাবে ভিন্ন উচ্চতায় হলে | | | বিদ্যমান পেরিমিটার ওয়ালের উচ্চতা বৃদ্ধি আংশিক ভাবে সম্ভব হলে (আংশিক দৈর্ঘ্যের কাঠামো উচ্চতা বৃদ্ধিতে সহায়ক এবং আংশিক নয় এমন হলে | | | সিদ্ধান্ত | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| | দৈর্ঘ্য | উচ্চতা | ১৮' এ উন্নীত করতে উচ্চতা বৃদ্ধি প্রয়োজন | দৈর্ঘ্য | উচ্চতা | উচ্চতা বৃদ্ধি সম্ভব | | ৬২০' দৈর্ঘ্যের (১৮-১৬)'=২' উচ্চতা বৃদ্ধি, ১০০০ দৈর্ঘ্যর ১৮-১৪)'=৪' উচ্চতা বৃদ্ধির প্রাক্কলন এবং বাকী (৬০০+১০১৪')= ১৬৪০' দৈর্ঘ্যর পুনঃ নির্মাণ প্রাক্কলন প্রস্তাব দ্রুততম সময়ে পাঠাতে হবে। |
| | ১২২০' | ১৬' | ২' | ৬২০' | ১৬' | হ্যাঁ | উচ্চতা বৃদ্ধি | |
| | | | | ৬০০' | ১৬' | না | পুনঃ নির্মাণ | |
| | ২০৪০' | ১৪' | ৪' | ১০৪০' | ১৪' | না | পুনঃ নির্মাণ | |
| | | | | ১০০০' | ১৪' | হ্যাঁ | উচ্চতা বৃদ্ধি | |
| | সম্পূর্ণ দৈর্ঘ্য | ৩২৬০' | | | | | | |

### ৭। ভূমি উন্নয়ন প্রকল্পঃ

অনেক কারাগারের এলাকা আশপাশ হতে নীচু হওয়ায় ড্রেইনেজ ও জলাবদ্ধতা সমস্যা দেখা দেয়। নতুন অধিগ্রহণকৃত এলাকার সীমানা প্রাচীরের অভ্যন্তরে মাটি ভরাটের অবকাশ থাকলে তার প্রতিবেদন/পরিসংখ্যান কারা অধিদপ্তরকে অবহিত করতে হবে।

### ৮। পয়ঃনিষ্কাশন/ ড্রেনেজ সিস্টেম সংশোধন/ পুনঃনির্মাণ প্রকল্পঃ

পুরাতন ও ঝুঁকিপূর্ণ কারাগার সমুহে খানিক বৃষ্টিতে জলাবদ্ধতা দেখা যায়। সিটি কর্পোরেশন/স্থানীয় পৌরসভার সাথে সমন্বয় করে সামগ্রিক ড্রেনেজ সিস্টেমের উন্নয়ন সাধন করা যায়।

**৯। নতুন সাবস্টেশন স্থাপন প্রকল্পঃ**

অনেক কারাগারে নিজস্ব সাবস্টেশন নেই। কিছু কারাগারে সাবস্টেশনের বৈদ্যুতিক সরঞ্জামাদির মেরামত/সংস্কার বা পরিবর্তন প্রয়োজন। কিছু কারাগারে ডুয়াল সোর্স সংযোগ প্রয়োজন। কারাগারের সার্বিক নিরাপত্তা ও স্বাভাবিক কর্মকান্ড সুষ্ঠু সম্পাদন নিশ্চিত প্রকল্প হাতে নেয়া প্রয়োজন।

**১০। ওয়াচটাওয়ার ও অস্ত্রাগার নির্মাণ/পুনঃনির্মাণ/সম্প্রসারণ প্রকল্পঃ**

একইভাবে বিভিন্ন কারাগারের সুষ্ঠু নজরদারী নিশ্চিতকল্পে ওয়াচ টাওয়ার নির্মাণের প্রয়োজনীয়তা অনুভূত হচ্ছে। কারাগার সমুহকে অপারেশনাল রাখতে অস্ত্রাগার –এর কার্যকারীতা নিশ্চিত আবশ্যক। জরাজীর্ণ কারাগার সমূহ পুনঃনির্মাণ করা বাঞ্ছনীয়।

**উপসংহারঃ**

অত্র শাখা কর্তৃক নতূন নির্মাণ সমূহকে একত্র করে উপরে বর্ণিত বেশ কয়েক ধরণের প্রকল্প ভবিষ্যতে হাতে নেয়া যেতে পারে। এ প্রেক্ষিতে উপরে বর্ণিত বিভিন্ন নির্মাণ কার্যক্রমের প্রয়োজনীয়তা অনুভূত হওয়ায় খসড়া পরিকল্পনা বিবেচনায় রয়েছে। বিবেচনাধীন কারাগার সমূহে এই প্রকার কোনো নির্মাণ কাজ প্রকৃত প্রয়োজনীয়তা নিশ্চিত করার সাথে সাথে অন্যান্য কারাগারসমূহে এমন নির্মাণ কাজ গ্রহণের প্রয়োজনীয়তা থাকলে তা অবগত করতে বলা হলো। একই সাথে ঐ সকল নির্মাণ কাজের প্রয়োজনীয় তথ্য ও নির্মাণের যৌক্তিকতা সংযুক্তিতে উপস্থাপিত ফরমেট অনুযায়ী দাখিলের অনুরোধ করা হলো।

ইতোমধ্যে সনাক্তকৃত নির্মাণসমূহের চাহিত তথ্য সংযুক্তি ১ এবং সীমানা প্রাচীর/পেরিমিটার ওয়াল সম্পর্কিত তথ্য অনুচ্ছেদ ৫ ও ৬ অনুযায়ী প্রকল্প গ্রহণের যৌক্তিকতাসহ অত্র শাখাকে জরুরী ভিত্তিতে সরবরাহ করার অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ নির্মাণ কাজের চাহিত ফরমেট ০১ পাতা।

আসিফ মোহাম্মদ সালেহ
লেঃ কর্নেল
কারা উপ-মহাপরিদর্শক (উন্নয়ন)
কারা অধিদপ্তর, ঢাকা।

## <u>সংযুক্তি-১</u>

১। স্থাপনা নির্মাণের জন্য উপযুক্ত জায়গা মাস্টার প্লানে ইতোমধ্যে অন্তর্ভূক্ত আছে। (হ্যাঁ/না)

২। ক) উপযুক্ত জায়গা মাস্টার প্লানে অন্তর্ভূক্ত না থাকলে কারাগারের ভেতর উপযুক্ত জায়গা আছে কিনা? (হ্যাঁ/না)

খ) স্থাপনা নির্মাণের জন্য উপযুক্ত জায়গা না থাকলে তার জন্য পেরিমিটার এর ভেতরে ও বাহিরের নিরাপত্তা নিশ্চিত করে স্থাপনা পুর্নবিন্যাসের প্রয়োজন রয়েছে কিনা? থাকলে বিস্তারিত বিবরণ উপস্থাপন করতে হবে।

গ। স্থাপনা নির্মাণে অনুচ্ছেদ ২ ক ও খ এর মাধ্যমে জায়গার সংস্থান না হলে ভূমি অধিগ্রহণ করার প্রয়োজন থাকলে তার প্রস্তাবনা কোন পর্যায়ে রয়েছে তার বিস্তারিত বিবরণ উপস্থাপন করতে হবে।

৩। স্থাপনা নির্মাণের প্রযোজ্য ক্ষেত্রে ধারণ ক্ষমতা, নির্মাণের যৌক্তিকতা এবং নির্মাণ কাজ উন্নয়ন কর্মকান্ডে দ্বৈততা অথবা সাংঘর্ষিক কিনা তা উল্লেখ করতে হবে।

৪। স্থাপনা নির্মাণের যৌক্তিকতাঃ পয়েন্ট আকারে উল্লেখ করতে হবে।

আসিফ মোহাম্মদ সালেহ
লেঃ কর্নেল
কারা উপ-মহাপরিদর্শক (উন্নয়ন)
কারা অধিদপ্তর, ঢাকা।